

কলমাকান্দা উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আফরোজা বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা), কলমাকান্দা উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষে।

তারিখ : ২৯/০৩/২০২২ খ্রিঃ সময়ঃ দুপুর ১১.০০ ঘটিকা, রোজ মঙ্গলবার।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' এ সংযোজিত।

অদ্য ২২/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর সভাপতিত্বে উনার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য উপজেলা কমিটির সদস্য সচিব জনাব এফ.এম. আব্দুল ওয়াজেদ তালুকদার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কলমাকান্দা, নেত্রকোণা মহোদয়কে অনুরোধ জানানো হয়। অতঃপর কুশল বিনিময় শেষে নিম্নোক্ত বিষয়ে আলোচনা / সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত
১.	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান।	কোন সংশোধন ও সংযোজিত না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতক্রমে গৃহীত হয়।
২.	করোনা মোকাবেলা।	উপস্থিত সদস্যবৃন্দ নতুন করে করোনা ছড়িয়েপড়ায় করোনাকালীন স্বাস্থ্য বিধি অনুসরণ ও তা বাস্তবায়নের গুরুত্ব আলোচনা করেন।	ম্যানেজিং কমিটি, প্রধান শিক্ষক ও সহঃ শিক্ষকবৃন্দ বিদ্যালয়ে সকলের স্বাস্থ্য বিধি অনুসরণ নিশ্চিত করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস মনিটরিং করবেন।
৩.	শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ক্রীড়া সামগ্রী বিতরণ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ক্রীড়া সামগ্রী বিতরণের ব্যবস্থা করা প্রয়োজন। এ বিষয়ে সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।	শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য এক লক্ষ পঞ্চাশ হাজার টাকার প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস বাস্তবায়ন করবেন।
৪	বিবিধ	সভাপতি মহোদয় সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	আরকোন আলোচনা না থাকায় সভা সমাপ্ত ঘোষণা করা হয়।


(আফরোজা বেগম)

ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ, কলমাকান্দা

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি
কলমাকান্দা, নেত্রকোণা।

তারিখঃ ২৯/০৩/২০২২খ্রিঃ।

স্মারকনংঃ উমাশিঅ/কলমা-নেত্র/উঃশিঃকঃ/২০২২/১৭


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। চেয়ারম্যান-----ইউপি, কলমাকান্দা, নেত্রকোণা।

৪। অফিস কপি।


২৯-০৩-২২
(এফ.এম.আব্দুল ওয়াজেদ তালুকদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি